

২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।
সভার তারিখ ও সময় : ১৫ মার্চ ২০২৩ খ্রি:, সকাল ১০.৩০ ঘটিকা।
সভার স্থান : ঢাকা মশক নিবারণী দপ্তরের সভা কক্ষ (কক্ষ নং-২০২)
২২/১/এ, নূর ফাতাহ লেন, লালবাগ, ঢাকা-১২১১।

উপস্থিত কর্মচারীদের তালিকা : পরিশিষ্ট- “ক”

সভার আলোচনা:

০১. সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান মুক্তিযুদ্ধে আল্লাদানকারী বীর শহীদদের গভীর শ্রদ্ধায় স্মরণ করেন। সভাপতি উল্লেখ করেন যে, ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে ঢাকা মশক নিবারণী দপ্তরের জনাব মোঃ জামাল উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ), স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত কর্মসূচির আলোকে প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২. আলোচনায় এ দপ্তরের জনাব মোঃ আমিনুল ইসলাম ভূইয়া, হিসাবরক্ষক, জনাব মোঃ গিয়াস উদ্দিন, স্টোরকিপার অংশগ্রহণ করেন।

০৩. বিস্তারিত আলোচনা শেষে ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ঢাকা মশক নিবারণী দপ্তর কর্তৃক পালনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।


ক্রঃ নং	কর্মসূচি	বাস্তবায়ন
ক) ২৫ মার্চ গণহত্যা দিবসঃ		
০১.	২৫-০৩-২০২৩ খ্রিঃ তারিখ শনিবার বাদ যোহর (দুপুর ২.০০ ঘটিকায়) এদপ্তরের পাশে অবস্থিত মিসকিন আশরাফ জামে মসজিদে ২৫ মার্চের রাতে নিহত শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হবে।	ঢাকা মশক নিবারণী দপ্তর
০২.	রাত ১০.৩০ মিনিট হতে ১০.৩১ মিনিট পর্যন্ত ১ মিনিট ব্ল্যাক আউট করা হবে।	ঢাকা মশক নিবারণী দপ্তর
খ) ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপনঃ		
০৩.	২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ঐতিহাসিক নেতৃত্ব এবং দেশের উন্নয়ন বিষয়ে এ দপ্তরে সুবিধাজনক সময়ে আলোচনা সভার আয়োজন করা হবে।	ঢাকা মশক নিবারণী দপ্তর



০৪	(খ) ঢাকা মশক নিবারণী দপ্তরে আলোকসজ্জার ব্যবস্থা করা হবে (২৫-০৩-২০২৩ তারিখ আলোকসজ্জা বিরত থাকবে)।	ঢাকা মশক নিবারণী দপ্তর
০৫	২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ২৬-০৩-২০২৩ খ্রিঃ সকাল ৯.০০ ঘটিকায় ঢাকা মশক নিবারণী দপ্তর কর্তৃক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মুরালে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হবে।	ঢাকা মশক নিবারণী দপ্তর

০৪. পরিশেষে সভাপতি ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদযাপন লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য ঢাকা মশক নিবারণী দপ্তরের কর্মচারীদের প্রতি আহবান জানান।

০৫. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ২৬/০৩/২০২৩
 মোহাম্মদ শামছুল ইসলাম
 উপসচিব


ও
 ভারপ্রাপ্ত কর্মকর্তা (অঃদাঃ)
 ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
 ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭
 E-mail: dmco@lgd.gov.bd

নম্বর: ৪৬.২০.০০০০.০০০.২৩.০০১.১৫- ১৪৫/১(২০)

তারিখঃ ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
 ২৬ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন/প্রশাসন, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
- ৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
- ৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-----, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৭। সহকারী স্বাস্থ্য কর্মকর্তা, অঞ্চল-----, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৮। সুপারভাইজার (সকল), অঞ্চল-----, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৯। কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা মশক নিবারণী দপ্তর (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। নোটিশ বোর্ড, ঢাকা মশক নিবারণী দপ্তর।
- ১১। অফিস-কপি/মাস্টার কপি, ঢাকা মশক নিবারণী দপ্তর।


 ২৬/০৩/২০২৩
 মোঃ জামাল উদ্দিন
 প্রশাসনিক কর্মকর্তা (অঃ দাঃ)
 ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।
 ফোনঃ ০২-২২৩৩৬৯২৯৭